ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৫০৬৮
বিলোনীয়া, ৫ ফেব্রুয়ারি, ২০২৬

**তপশিলী জাতিভুক্ত মেধাবী ছাত্রছাত্রীদের ড. বি আর আম্বেদকর মেধা পুরস্কার প্রদান**

দক্ষিণ ত্রিপুরা জেলা কল্যাণ আধিকারিক কার্যালয়ের উদ্যোগে গতকাল বিলোনীয়ার বি কে আই স্কুলের হল ঘরে এক অনুষ্ঠানের মাধ্যমে জেলার তপশিলী জাতিভুক্ত মেধাবী ছাত্রছাত্রীদের মধ্যে ড. বি আর আম্বেদকর মেধা পুরস্কার ও সার্টিফিকেট বিতরণ করা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করে দক্ষিণ ত্রিপুরা জেলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত বলেন, তপশিলী জাতিভুক্ত ছাত্রছাত্রীদের বেশী করে শিক্ষার প্রতি আগ্রহ সৃষ্টি করতে এই মেধা পুরস্কার গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। তিনি ছাত্রছাত্রীদের ড. বি আর আম্বেদকরের জীবনী পাঠ করার পরামর্শ দেন যাতে করে তার আদর্শ অনুসরণ করে তারা অগ্রসর হতে পারে। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিলোনীয়া পুর পরিষদের চেয়ারপার্সন নিখিল চন্দ্র গোপ, অতিরিক্ত জেলাশাসক মহঃ হাবিজ উদ্দিন, বিলোনীয়া মহকুমা শাসক দেবাশীষ দাস প্রমুখ। স্বাগত বক্তব্য রাখেন জেলা কল্যাণ আধিকারিক পারেন্দ্র দাস। সভাপতিত্ব করেন বিলোনীয়া পুর পরিষদের এসসি সাবকমিটির চেয়ারম্যান সুভাষ দাস। অতিথিগণ ২৮ জন ছাত্রছাত্রীদের হাতে সার্টিফিকেট তুলে দেন। উল্লেখ্য ড. বি আর আম্বেদকর মেরিট অ্যাওয়ার্ড রাজ্য প্রকল্পে যেসকল তপশিলী জাতিভুক্ত ছাত্রছাত্রী ষষ্ঠ থেকে অষ্টম, নবম, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের বার্ষিক বা চূড়ান্ত পরীক্ষায় ৬০ শতাংশ বা তার বেশি নম্বর অর্জন করে তারা এই পুরস্কার পেয়ে থাকে। এই প্রকল্পে ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণী পর্যন্ত ১২০০ টাকা, নবম শ্রেণী ৭০০ এবং মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরে ১৬০০ টাকা করে পুরস্কৃত করা হয়। তপশিলী জাতি সম্প্রদায়ভুক্ত ছাত্রছাত্রীদের শিক্ষার ক্ষেত্রে উৎসাহ প্রদান এবং তাদের কৃতিত্বকে সম্মান জানানোর উদ্দেশ্যে এই প্রকল্প চালু হয়েছে এবং তা রাজ্য সরকারের বি এম এস পোর্টালের মাধ্যমে বাস্তবায়িত করা হয়। দক্ষিণ ত্রিপুরা জেলায় ২০২৫-২৬ অর্থবর্ষে এখন পর্যন্ত ৭১৭ জন তপশিলী জাতিভুক্ত শিক্ষার্থী এই প্রকল্পের সুবিধা পেয়েছে। এরজন্য ব্যয় হয়েছে ৫ লক্ষ ৪৮ হাজার ৯০০ টাকা।

*****